মা-মনি এইচএসএস প্রকল্প নানাবিধ তৎপরতার মাধ্যমে স্থানীয় জনগণের স্বাস্থ্যগত আচরণে ইতিবাচক পরিবর্তন আনার চেষ্টা করছে। এলাকাবাসীর জন্য ভিডিও প্রদর্শনী, এডভোকেসি সভার আয়োজন করা এবং বাড়ি পরিদর্শন করে স্বাস্থ্য বার্তাসমূহ জানানো এগুলোর মধ্যে অন্যতম। এক্ষেত্রে হবিগঞ্জ, লক্ষ্মীপুর এবং নোয়াখালী জেলার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

ভিডিও প্রদর্শনীতে বেশ কিছু টিভি বিজ্ঞাপন, নাটিকা এবং প্রামাণ্যচিত্র দেখানো হয়। সেখানে মা, নবজাতক ও শিশুর স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি সংক্রান্ত বিষয়ে নানা বার্তা থাকে। প্রদর্শনী চলাকালে একজন সঞ্চালক প্রদর্শিত স্বাস্থ্য বার্তাগুলো সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করেন, বিষয়বস্তু সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করেন এবং দর্শকদের নানা প্রশ্নের জবাব দেন। এলাকাবাসীর কাছে এই প্রদর্শনী বেশ জনপ্রিয়। বিগত জানুয়ারী, ফেব্রুয়ারী ও মার্চ মাসে মা-মনি এইচএসএস প্রকল্প এ ধরনের ৭৫টি প্রদর্শনীর আয়োজন করেছে।

প্রকল্প পরিচালিত এডভোকেসি/ সভা আয়োজনের উদ্দেশ্য হলো ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, স্কুল শিক্ষক, ধর্মীয় নেতাদের মত প্রভাবশালীদের প্রকল্পের কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত করে এলাকার মানুষজনের মধ্যে স্বাস্থ্য সেবা চাওয়ার প্রবণতা বৃদ্ধি করা। এছাড়া মা, নবজাতক, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাসমূহের প্রতি এলাকাবাসীর আগ্রহ বাড়ানো ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মা এবং পরিবারের সিদ্ধান্তগ্রহণকারীদের নিয়ে বৈঠকের আয়োজন করা হয়। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দিবা-রাত্রি ২৪ ঘণ্টার সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা চালু উপলক্ষে যে উদ্বোধনী অনুষ্ঠানের



রায়পুরের দক্ষিণ চর আবাবিলে মা, নবজাতক, শিশু স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ে ভিডিও চিত্র প্রদর্শনী



রায়পুরের উত্তর চর বংশীতে এ্যাডভোকেসি সভা

আয়োজন করা হয় সেখানেও এলাকাবাসীকে সম্পৃক্ত করা হয়। এর পাশাপাশি প্রত্যন্ত গ্রামগুলোতে মাইকিং করে ও বাড়ি বাড়ি গিয়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কী কী নতুন সেবা পাওয়া যাচ্ছে তা জানানো হয় এবং স্থানীয় লোকজনকে এই সব সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা হয়।

## আফ্রিকার দেশ উগান্ডায় অভিজ্ঞতা তুলে ধরল মা-মনি এইচএসএস

উগান্ডার রাজধানী কাম্পালায় এই বছরের ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত কমিউনিটি হেলথ ওয়ার্কশপ সিম্পোজিয়ামে মা-মনি এইচএসএস তার লক্ষ অভিজ্ঞতা তুলে ধরে। এই সিম্পোজিয়ামের শিরোনাম ছিল, “কনট্রিবিউশন অফ কমিউনিটি হেলথ ওয়ার্কশপ টু ওয়ার্ডস এটেইনমেন্ট অফ দ্য সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস্”। এটি আয়োজন করেছিল নটিংহাম ট্রেন্ট বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ সোস্যাল সাইন্সেস পাবলিক হেলথ টিম, ম্যাকেরেরে ইউনিভার্সিটি স্কুল অফ পাবলিক হেলথ এবং উগান্ডার স্বাস্থ্য মন্ত্রণালয়।

ডাঃ নকুল কুমার বিশ্বাস, ডেপুটি ডিরেক্টর, ডিস্ট্রিক্ট ইমপ্লিমেন্টেশন, এই সিম্পোজিয়ামে “রিক্রুটিং, ট্রেনিং এন্ড রিটেইনিং অফ কমিউনিটি ভলান্টিয়ার্স: এক্সপেরিয়েন্স ফ্রম রুয়াল বাংলাদেশ” এবং “কমিউনিটি মাইক্রো-প্ল্যানিং: এন ইনোভেটিভ এ্যাপ্রোচ টু স্ট্রেনদেন পাবলিক সেক্টর কমিউনিটি হেলথ ওয়ার্কশপ সার্ভিস ডেলিভারি ইন বাংলাদেশ” শিরোনামে দুটি মৌখিক উপস্থাপনার মাধ্যমে প্রকল্পের অভিজ্ঞতা তুলে ধরেন।

মানিরুল ইসলাম, ডেপুটি ম্যানেজার - মনিটরিং, ইভালুয়েশন এন্ড ডকুমেন্টেশন, “ডেভেলপমেন্ট অফ কমিউনিটি স্কিল্ড বার্থ এটেনড্যান্টস ইন হার্ড-টু-রিচ এরিয়াস অফ বাংলাদেশ” এবং “কমিউনিটি ভলান্টিয়ার্স কন্ট্রিবিউটিং ইন ইনক্রিজিং ইউজ অফ ইফেকটিভ ফ্যামিলি প্ল্যানিং ইন বাংলাদেশ” শীর্ষক দুটি মৌখিক উপস্থাপনা তুলে ধরেন।



## প্রকল্প কর্ম এলাকায় স্টেকহোল্ডারদের সফর

গত কয়েক মাসে সরকার, ইউএসএআইডি এবং ম্যাটারনাল এন্ড চাইল্ড সারভাইভাল কর্মসূচির কয়েকজন প্রতিনিধি মা-মনি এইচএসএস কর্ম এলাকা পরিদর্শন করেন।

পরিবার পরিকল্পনা অধিদফতরের সাবেক (ভারপ্রাপ্ত) মহাপরিচালক শেখ মোঃ শামীম ইকবাল এবং একই অধিদফতরের সাবেক পরিচালক-এমআইএস মোঃ সাইফুল হাসান বাদল এই প্রকল্পের ই-এমআইএস অর্থাৎ ইলেকট্রনিক অটোমেটেড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম পর্যবেক্ষণ করার জন্য মাধবপুর উপজেলার একটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শনে যান।



কোকি আগরওয়াল, পরিচালক, মেটারনাল এ্যান্ড চাইল্ড সারভাইভাল প্রোগ্রাম নোয়াখালিতে একজন মায়ের সাথে কথা বলছেন

ইউএসএআইডি বাংলাদেশের পপুলেশন, হেলথ, নিউট্রিশন এন্ড এডুকেশন- এর সিনিয়র টেকনিক্যাল এন্ড পলিসি এডভাইজার ডাঃ সুকুমার সরকার মা-মনি এইচএসএস প্রকল্পের কাজের অগ্রগতি দেখার



শেখ মোঃ শামীম ইকবাল (বামদিকে), সাবেক (ভারপ্রাপ্ত) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদফতর এবং মোঃ সাইফুল হাসান বাদল (ডানদিকে), সাবেক পরিচালক-এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদফতর মাধবপুর উপজেলার একটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রকল্পের ই-এমআইএস কার্যক্রম পর্যবেক্ষণ করছেন



ডাঃ সুকুমার সরকার, সিনিয়র টেকনিক্যাল এ্যান্ড পলিসি এডভাইজার, ইউএসএআইডি বাংলাদেশ মাধবপুর উপজেলায় একটি স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করছেন



জন্য হবিগঞ্জ ও লক্ষ্মীপুর জেলা সফর করেন। ডাঃ সরকার হবিগঞ্জের মাধবপুর উপজেলার একটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন করেন। পরিবার কল্যাণ পরিদর্শকরা রোগীর সেবাদানে কিভাবে ই-রেজিস্টার ব্যবহার করেন তিনি তা পর্যবেক্ষণ করেন। মা, নবজাতক, শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত অগ্রগতি জানার জন্য তিনি লক্ষ্মীপুর জেলার সিভিল সার্জনের সাথেও সাক্ষাৎ করেন।

## ৭.১% ক্লোরহেক্সিডিন ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপের ফলাফল তুলে ধরা হলো

মোট ৩২ সদস্যের একটি মনিটরিং দল জন্মের সাথে সাথে নবজাতকের নান্দীতে ৭.১ শতাংশ ক্লোরহেক্সিডিন ব্যবহার নিয়ে প্রশিক্ষণের কার্যকারিতা জানার জন্য দেশের ৬৪টি জেলার এক হাজারেরও বেশী স্বাস্থ্য কেন্দ্রের ৩,৪০০ স্বাস্থ্যকর্মীর সাথে কথা বলেছেন। মা-মনি এইচএসএস প্রকল্প সরকারের পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য অধিদফতরের ৮৬,০০০ সেবা প্রদানকারীকে প্রশিক্ষণ দিতে সহায়তা করেছে। এই জরিপ থেকে জানা যায় যে, উত্তরদাতা স্বাস্থ্যকর্মীদের শতকরা ৮৬ জনই প্রশিক্ষণ পেয়েছেন, ৫৩ % স্বাস্থ্য কেন্দ্রে ক্লোরহেক্সিডিন সহজলভ্য ছিল, সেবাদানকারীদের শতকরা ৮৪ ভাগ ৭.১% শতাংশ ক্লোরহেক্সিডিনের সঠিক প্রয়োগ কীভাবে করতে হয় তা দেখাতে পেরেছেন, উত্তরদাতাদের ৪৭% আগের সপ্তাহেই ক্লোরহেক্সিডিন ব্যবহার করেছেন এবং ৮৬% সেবাদানকারী গর্ভবতী নারীকে ক্লোরহেক্সিডিন ব্যবহারের পরামর্শ দিয়েছেন। আরও লক্ষ্য করা গেছে যে, ব্যক্তি মালিকানাধীন ৫৪% ঔষধের দোকানে ক্লোরহেক্সিডিন সহজলভ্য ছিল। বিগত কয়েক মাস ধরে মা-মনি এইচএসএসের সহায়তায় সরকারের স্বাস্থ্য



ডাঃ অলতাফ হোসেন, প্রোগ্রাম ম্যানেজার, আইএমসিআই বরিশাল বিভাগের প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ আলোচনা সভায় বক্তব্য রাখছেন

ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এই তথ্যগুলো দেশের বিভিন্ন বিভাগে ছড়িয়ে দেয়ার কাজ করে আসছে। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় এবং জেলা পর্যায়ের কর্মকর্তারা এবং বিভিন্ন মেডিক্যাল কলেজের শিক্ষকগণ এই আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

## প্রসব সংখ্যা হাজার ছাড়িয়ে গেল

আসমা (২৪) তার প্রথম সন্তানের জন্ম দেন চর কাঁকড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে চলতি বছরের মার্চ মাসের ১৫ তারিখে। এটি ছিল এই স্বাস্থ্য কেন্দ্রে হাজারতম প্রসবের ঘটনা। নোয়াখালী জেলার এই স্বাস্থ্য কেন্দ্রে ২০১৫ সালের জানুয়ারী মাস থেকে স্বাভাবিক প্রসব সেবা দেয়া হচ্ছে।

## পিসিএসবিএ এর দক্ষতায় কেঁদে উঠলো নবজাতক

লক্ষ্মীপুর জেলার কমলনগর উপজেলার সাবেরহাট ইউনিয়নে মা ও নবজাতক স্বাস্থ্য সেবা ছিল অপ্রতুল। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটিই ছিল একমাত্র স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান। কিন্তু এখানে কোন দক্ষ সেবাদানকারী ছিলো না।

গর্ভকালীন সময়ে মালেকা কোন গর্ভকালীন পরিচর্যা পাননি। রাতে যখন মালেকার প্রসব বেদনা তীব্র হয় তখন একজন স্থানীয় দাইকে ডাকা হয়। দাই প্রসব করানোর চেষ্টা করেন। কিন্তু পরিস্থিতি সঙ্কটজনক হয়ে ওঠে এবং পানি ভেঙ্গে যায়। মা-মনি এইচএসএসের স্থানীয় কমিউনিটি ভলান্টিয়ার আমেনা বেগম প্রতিবেশীদের কাছ থেকে এই খবর পেয়ে দ্রুত সে বাড়িতে উপস্থিত হন এবং মালেকাকে অবিলম্বে হাসপাতালে নিয়ে যেতে পরামর্শ দেন। কিন্তু মালেকাকে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়ার জন্য যে পরিবহন খরচ দরকার সে টাকা এই পরিবারের হাতে ছিল না। আশে পাশে কোন পরিবহনও পাওয়া যাচ্ছিল না। অবস্থা দেখে তিনি মালেকার বাবাকে পাশের গ্রামের পিসিএসবিএ শামসুন্নাহার সুমীকে ডেকে আনার পরামর্শ দেন। যখন সুমী এই বাড়িতে এসে পৌঁছান ততক্ষণে দাই বাচ্চা প্রসব করিয়েছেন। সকলে ধরে নিয়েছিলেন যে নবজাতকটি আর বেঁচে নেই।

প্রসূতির ঘরে ঢুকেই সুমী দেখতে পান যে, ফুল তখনও পড়েনি, শিশুটি খালি গায়ে মেঝেতে পড়ে রয়েছে, কেননা ঘরের আর সবাই ধরে নিয়েছিলেন যে, শিশুটি বেঁচে নেই। সুমী স্টেথোস্কোপ দিয়ে শিশুটিকে পরীক্ষা করে দেখেন যে শিশুটি জীবিত আছে। এরপর সুমী খুব তাড়াতাড়ি নবজাতককে পরিষ্কার করে কাপড়ে জড়িয়ে দেন। এরপর তিনি পেঙ্গুইন সাকার মেশিনের সহায়ে শিশুটিকে শ্বাস-প্রশ্বাস নিতে সহায়তা করেন। এতে শিশুটি কেঁদে ওঠে। সঠিক সময়ে পরিচর্যা পাওয়ার কারণে শিশুটি প্রাণে বেঁচে যায়। শিশুটির

মা-মনি এইচএসএসের সহায়তা পাওয়া ৮৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে চর কাঁকড়া অন্যতম। এই ৮৫টি স্বাস্থ্য কেন্দ্রেই সপ্তাহে সাত দিন দিন রাত ২৪ ঘন্টা প্রসব সেবা দেয়া হয়।



কান্নার আওয়াজ শোনার সাথে সাথে সেখানে উপস্থিত আত্মীয় স্বজনরা আনন্দে উদ্বেলিত হয়ে ওঠেন। এরপর সুমী নাড়ি কাটেন এবং শিশুটিকে শাল দুধ খাওয়ানোর জন্য মায়ের কাছে দেন। মা মালেকার চোখে তখন আনন্দের অশ্রু।

স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আবুল খায়ের সুমীর কাজে অত্যন্ত খুশী হন। তিনি বলেন, “আমাদের ইউনিয়নে এটা একটা স্মরণীয় ঘটনা হয়ে থাকবে। আমরা এই ঘটনা থেকে এই শিক্ষা পেলাম যে, প্রশিক্ষণপ্রাপ্ত কোন স্বাস্থ্য কর্মী ছাড়া অন্য কারো হাতে প্রসব করানো ঠিক নয়। এ জন্য আমাদের ইউনিয়নের প্রতি ওয়ার্ডে একজন করে প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মী দরকার।”



শামসুন্নাহার সুমী মা-মনি এইচএসএস প্রকল্পের সমহায়তায় ২০১৫ সালে চাঁদপুর নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট থেকে পিসিএসবিএ প্রশিক্ষণ লাভ করেন। এখন তিনি প্রতি মাসে গড়ে ৭ থেকে ৮ টি স্বাভাবিক প্রসব করান। গর্ভবতী নারীদের নিরাপদে প্রসব করাতে তার ভাল লাগে। সুমী জানান যে পিসিএসবিএর কাজ তার জীবনে অভূতপূর্ব মর্যাদা ও গর্ব এনে দিয়েছে এবং সেই সাথে তার আয়ের পথ করে দিয়েছে।

## হাজিরহাট, আলেকজান্ডার ও খুশিখালীতে ২৪/৭ প্রসব সেবাদান চালু

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে সপ্তাহের ৭ দিনই ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবাদান সুবিধা চালু করার লক্ষ্যে মা-মনি এইচএসএস সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মকর্তা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সাথে কাজ করে আসছে।



চলতি বছরের প্রথম তিন মাসে লক্ষ্মীপুর জেলার তিনটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সপ্তাহের ৭ দিনই ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা চালু করে। এই কেন্দ্র তিনটি হলো- হাজিরহাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চর আলেকজান্ডার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং খুশিখালী ইউনিয়ন স্বাস্থ্য ও

পরিবার কল্যাণ কেন্দ্র। এই সব স্বাস্থ্য কেন্দ্রে ২৪/৭ প্রসব সেবাদান কর্মকান্ড চালু করা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের গণ্যমান্য প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। স্থানীয় জনসাধারণকে সেবাগুলো সম্পর্কে জানানোর জন্য এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।



## সেবার মান উন্নয়নের জন্য হবিগঞ্জের ১১ স্বাস্থ্য কেন্দ্রকে সম্মাননা

সপ্তাহে ৭ দিনই ২৪ ঘণ্টা প্রসব সেবা দিয়ে আসছে এমন নির্বাচিত ৩৫টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে মা- মনি এইচএসএস প্রকল্প “স্টান্ডার্ড বেইজড ম্যানেজমেন্ট এণ্ড রেকগনিশন (এসবিএমআর) প্রয়োগ করেছে। এর উদ্দেশ্য হলো জাতীয় মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে সমন্বিত মা, নবজাতক, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং পুষ্টি সেবাসমূহের মান বৃদ্ধি করা। যে সব স্বাস্থ্য কেন্দ্র ৭০% চিকিৎসা মান বজায় রাখতে পেরেছে সেগুলোকে তাদের সাফল্যের জন্য সনাক্ত করা হয়েছে। সাফল্যের স্বীকৃতি স্বরূপ হবিগঞ্জে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং প্রতিষ্ঠানগুলোকে সাফল্যের স্বীকৃতি হিসেবে সনদ প্রদান করা হয়।

হবিগঞ্জ জেলায় ২০১৫ সালে ৫টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র এবং ২০১৬ সালে ৬টি স্বাস্থ্য কেন্দ্র তাদের একটি বেসলাইন সম্পন্ন করেছে। প্রথম ইন্টারনাল মূল্যায়ন, দ্বিতীয় ইন্টারনাল মূল্যায়ন এবং এক্সটারনাল মূল্যায়নও শেষ করেছে। এই ১১টি স্বাস্থ্য কেন্দ্র শতকরা ৭০ ভাগেরও বেশী নম্বর পেয়েছে। এই কেন্দ্রসমূহ প্রসবকালীন পরিচর্যা, নিরাপদ প্রসব, পরিবার পরিকল্পনা, সংক্রমণ প্রতিরোধ এবং সাধারণ ব্যবস্থাপনার ক্ষেত্রে উন্নতি করেছে।

### দেবপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের এসবিএমআর (SBMR) ফ্যাসিলিটির স্বীকৃতি লাভ

দক্ষ স্বাস্থ্যকর্মী না থাকায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার দেবপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটির সেবার মান উন্নত ছিল না। এখানে একজন স্যাকমো থাকলেও কোন পরিবার কল্যাণ পরিদর্শক ছিলো না। সে কারণে এই স্বাস্থ্য কেন্দ্র প্রসব সেবাসহ- গর্ভকালীন এবং প্রসব পরবর্তী কোন সেবাই দিতে পারছিল না। মা-মনি এইচএসএস প্রকল্প ২০১৫ সালে এখানে একজন প্যারামেডিক নিয়োগ দেয়। এই ইউনিয়নের অধিবাসীরা এই সেবাগুলো পেতে শুরু করে।

একই বছরের জুলাই মাসে প্রকল্পটি এখানে মান উন্নয়ন কার্যক্রম শুরু করে। এসবিএমআর টুল ব্যবহার করে প্রকল্পটি সেবার মান উন্নয়নে বাঁধাগুলো চিহ্নিত করে- প্রথমে বেসলাইন, পরবর্তীতে আভ্যন্তরীণ ও সবশেষে এক্সটারনাল মূল্যায়নের মাধ্যমে। এসবিএমআর সূচকগুলোর মধ্যে স্বাস্থ্য সেবা কেন্দ্রের ব্যবস্থাপনা, সংক্রমণ প্রতিরোধ, স্বাভাবিক প্রসব সেবা, নবজাতকের যত্ন প্রভৃতি উল্লেখযোগ্য।

স্বাস্থ্যকর্মী ও তাদের সুপারভাইজারদের এসবিএমআর টুলের ওপর প্রশিক্ষণ দেয়ার মাধ্যমে এই প্রক্রিয়ার শুরু হয়। বেসলাইন জরিপ এবং আভ্যন্তরীণ মূল্যায়নের পর স্বাস্থ্য কেন্দ্রগুলোতে অনেক সমস্যা পাওয়া যায়, যেমন- মোটর না থাকায় ছাদের উপর বসানো পানির ট্যাঙ্কে পানি থাকে না, আবর্জনা ফেলার কোন পিট না থাকা, ব্যবহারের অনুপযোগী টয়লেট এবং কেন্দ্রটির চারপাশে ছিল বোপ-ঝাড়ে ভর্তি। এই সমস্যাগুলো দূর করার জন্য একটি কর্ম পরিকল্পনা করা হয়। স্যাকমো শঙ্কর চন্দ্র কর্মকার এই কাজে নেতৃত্ব দেন। তিনি স্থানীয় ইউনিয়ন পরিষদ এবং স্থানীয় বাজার কমিটির সভাপতিকে অব্যবহৃত পানির ট্যাঙ্কটি চালু করা, আশে-পাশের বোপ-ঝাড় পরিষ্কার করা ও টয়লেটগুলো ব্যবহার উপযোগী করার জন্য আর্থিক ও লজিস্টিক সহায়তা প্রদানে রাজি করান।

আবর্জনা ফেলার ভাগাড় তৈরি করার জন্য বেসরকারী সাহায্য সংস্থা ব্রাকের ওয়াশ প্রকল্পের সহায়তা নেওয়া হয়। এ কাজের জন্য তারা তিনটি রিং এবং একটি স্লাব সরবরাহ করে। কিন্তু পানি ওপরে তোলার জন্য মোটর কেনার টাকা যোগাড় না হওয়ায় শঙ্কর নিজের পকেট থেকে ৮,০০০ টাকা খরচ করেন।

অবকাঠামোগত সমস্যাগুলো সমাধানের পর স্বাস্থ্য সেবাদানকারীরা জরিপে চিহ্নিত সেবার মান উন্নয়ন সংক্রান্ত বিষয়গুলোর ওপর নজর দেন। মেডিক্যাল সরঞ্জামের স্টেরিলাইজেশন, টয়লেট ও হাসপাতালের মেঝে নির্দিষ্ট সময় পর পর পরিষ্কার করা, মেডিকেল বর্জ্যসমূহ পৃথকীকরণ- এ সকল প্রচেষ্টাই সেবা কেন্দ্রটিকে এসবিএমআর- এর মর্যাদা অর্জনে সহায়তা করে।



## নোয়াখালী ও হবিগঞ্জে মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে বার্ষিক পরিকল্পনা তৈরি

মা- মনি এইচএসএস প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ ও বিশেষ উদ্যোগ হলো জেলা পর্যায়েই উন্নয়ন পরিকল্পনা তৈরিতে সহযোগিতা করা। সংশ্লিষ্ট জেলার মা, নবজাতক, শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি (এমএনসিএইচ-এফপি-এন) পরিস্থিতি উন্নয়নে করণীয় বিষয়ে প্রতি বছর একবার আলোচনা সভার আয়োজন করা হয়। এই আলোচনা সভায় জেলা এবং উপজেলা পর্যায়ে সকল স্বাস্থ্য কর্মকর্তারা সমবেত হয়ে একত্রে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরি করেন। এতে করে পরিকল্পনা তৈরিতে ব্যাপক আকারে সকলের অংশগ্রহণ নিশ্চিত হয়। যে সব উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কেন্দ্রগুলোর সেবার মান ভাল নয় সেই কেন্দ্রগুলোর ওপর বিশেষ জোর দেয়া হয় যাতে তাদের সমস্যাগুলো সনাক্ত করে সেগুলো দূর করা যায়।

পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে

প্রতিনিধিরা মার্চ মাসে অনুষ্ঠিত এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

কর্মশালায় নিম্নে উল্লেখিত বিষয়গুলোর ওপর জোর দেওয়া হয়:

- যে সকল ইউনিয়ন ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের সেবার মান ভাল নয় এবং যে সব জনগোষ্ঠী এখনো সম্পূর্ণরূপে স্বাস্থ্য সেবার আওতায় আসেনি সেগুলো সনাক্ত করা
- স্বাস্থ্য সেবা প্রাপ্তি ও যোগানের ক্ষেত্রে বাধাগুলো চিহ্নিত ও প্রকৃত কারণ নির্ধারণ করা, বিশেষ করে যে বাধাগুলো সার্বজনীন স্বাস্থ্য সেবা বিকাশে অন্তরায়
- কর্মক্ষমতা এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার উন্নতির জন্য ইউনিয়ন, উপজেলা এবং জেলাভিত্তিক কর্মকৌশল নির্ধারণ করা

নোয়াখালিতে অনুষ্ঠিত আলোচনায় যে সব গুরুত্বপূর্ণ অর্জনের প্রসঙ্গ উঠে আসে সেগুলো হলো:

- ছাত্তেরপাইয়া ইউনিয়ন এবং কাবিলপুর ও সেনবাগ উপজেলায় শতভাগ স্যাটেলাইট অধিবেশন নিশ্চিত করা
- মীরওয়ারিশপুর ও কুতুবপুর ইউনিয়ন, বেগমগঞ্জ ও ছাত্তেরপাইয়া, কাবিলপুর এবং সেনবাগ উপজেলায় এএনসি উপকরণ সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করা
- স্যাটেলাইট ক্লিনিকের স্থান পরিবর্তন করা এবং ঘন ঘন ক্লিনিক আয়োজনের ফলে এএনসি, পিএনসি ও মিসোপ্রোস্টল বিতরণ বৃদ্ধি পাওয়া
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয়ের মাধ্যমে কাজ করার ফলে এমএনসিএইচএফপিএন এ বরাদ্দ অর্থের ব্যবহার বৃদ্ধি পাওয়া।



নোয়াখালি জেলার বার্ষিক পরিকল্পনা কর্মশালায় দলীয় কাজ

এছাড়া, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর আর্থিক সহযোগিতায় ৯ জন আয়া ও নৈশ প্রহরির নিয়োগ দান এবং ৩টি এম্বুলেন্স ও ২টি ওয়াটার এম্বুলেন্স রক্ষণাবেক্ষণে সহায়তা প্রদান

- সপ্তাহের ৭ দিনই দিন-রাত খোলা থাকা প্রসব সেবাদান কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি পাওয়া, হাসপাতালে প্রসবের সংখ্যা ও ৭.১% ক্রোরোহেজিডিনের প্রয়োগ বৃদ্ধি পাওয়া
- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের তদারকি ও মনিটরিং দক্ষতা বৃদ্ধি এবং ফলে মানসম্মত জেএসডি পরিচালনা করা ও সে অনুযায়ী পর্যালোচনা করা ও ব্যবস্থা নেয়া
- স্যাম (SAM) ও ম্যাম (MAM) কেসের স্ক্রিনিং বৃদ্ধি পাওয়া এবং ব্যবস্থাপনার উন্নতি ঘটা।



হবিগঞ্জ জেলার বার্ষিক পরিকল্পনা কর্মশালায় দলীয় কাজ

## সুস্থ হয়ে উঠল পুষ্টিহীনতায় আক্রান্ত শিশু শাহজাহান

তৌফিক মিয়া ও তার স্ত্রী আসমার সংসারে ৪ সন্তান। তারা হবিগঞ্জের জগদীশপুর ইউনিয়নের বাসিন্দা। পরিবারটি এত গরিব যে চার সন্তানের খাবার যোগাড় করার সাধ্য নেই। ছোট সন্তান শাহজাহান মিয়ার বয়স এক বছর ৪ মাস। সে ভূমিষ্ঠ হয়েছিল কম ওজন নিয়ে। জন্মের পর থেকে তার স্বাস্থ্যের কোন উন্নতি নেই। বাড়ি পরিদর্শনের সময় স্থানীয় পরিবার কল্যাণ সহকারী লক্ষ্য করেন যে শাহজাহান মারাত্মক অপুষ্টিতে ভুগছে এবং তার চিকিৎসা দরকার।

তৌফিক পরিবার কল্যাণ সহকারীর পরামর্শমত শাহজাহানকে মাধবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে দেখা যায় শাহজাহানের ওজন মাত্র ২.১ কেজি এবং উচ্চতা ৪৫ সেন্টিমিটার। ১৫ দিনের চিকিৎসার পর শিশুটির ওজন বেড়ে ৩.২ কেজি ও উচ্চতা ৪৬ সেন্টিমিটার হয়। শিশুটি যে অপুষ্টিতে ভুগছিল সে সম্পর্কে তৌফিকের কোন ধারণা ছিল না। তিনি বলেন, “আমি ও আমার স্ত্রী খুব খুশী। আমার ছেলে এখানে একদম বিনা পয়সায় খুব ভাল চিকিৎসা পেয়েছে”।

মা-মনি এইচএসএস প্রকল্প পরিবার কল্যাণ সহকারী, স্বাস্থ্য সহকারী, সিএইচসিপি, পরিবার কল্যাণ পরিদর্শিকা, স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, নার্স, স্যাকমো এবং মেডিক্যাল অফিসারদের জন্য ৫ দিনের একটি কমিউনিটি-ভিত্তিক প্রশিক্ষণ আয়োজনে সরকারের পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে সহায়তা দেয়। উল্লেখ্য, অপুষ্টির শিকার শিশুদের চিকিৎসা সহজলভ্য করার জন্য মাধবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্যাম ইউনিট প্রতিষ্ঠা করা হয়। এখানে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে যাওয়ার পর চিকিৎসা পরবর্তী ফলোআপের ব্যবস্থাও আছে। আবাসিক মেডিক্যাল অফিসার ডাঃ কিশলয় সাহা জানান, “আমাদের এখন অপুষ্টি সমস্যা মোকাবিলা করার মত দক্ষ জনবল এবং প্রয়োজনীয় ঔষধপত্র রয়েছে। এমনকি যারা এখানে সেবা নিয়ে বাড়ি ফিরে যায় তাদের স্বাস্থ্য পরিস্থিতি জানার জন্য আমাদের ফলো আপ করার ব্যবস্থাও রয়েছে।”



## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্লানিং উইংকে সহায়তা দান

সেভ দ্য চিলড্রেনের মা-মনি এইচএসএস প্রকল্প বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্লানিং উইংকে কারিগরি ও অপারেশনাল সহযোগিতা দেয়ার বিষয়টি ২০১৮ সালের জুন মাস পর্যন্ত বাড়িয়েছে, যাতে করে চতুর্থ হেল্থ, নিউট্রিশন ও পপুলেশন সেক্টর

প্রোগ্রাম (এইচএনপিএসপি) তৈরি করা যায় এবং সেই সঙ্গে চলমান এইচপিএনএসডিপির কার্যকর ব্যবস্থাপনা এবং মনিটরিং কাজ চালানো যায়। গত মার্চ মাসে সহযোগিতা সংক্রান্ত একটি চুক্তিপত্র স্বাক্ষর করা হয়।

## ঝালকাঠির স্বাস্থ্য সেবা ব্যবস্থায় বিশেষ অবদান রাখছেন সিভিল সার্জন ডাঃ আব্দুর রহিম

দেশের দক্ষিণাঞ্চলীয় জেলা ঝালকাঠি। বিগত কয়েক বছরে এই জেলার স্বাস্থ্য সেবা ব্যবস্থায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। টিকাদান কর্মসূচির আওতায় আসা মানুষের সংখ্যা এই জেলায় সর্বাধিক, মৃত্যুর রিপোর্ট এই জেলা থেকে এখন নিয়মিত আসে, ডিএইচআইএ-২ এ জেলার সকল বেসরকারী ক্লিনিকের সমন্বিত প্রতিবেদন পাওয়া যায়, সরকারী এবং এনজিও খাতের স্বাস্থ্যসেবার কাজ আগের চেয়ে অনেক সমন্বিতভাবে হয়, ইউনিয়ন পরিষদের উন্নয়ন বাজেট থেকে স্বাস্থ্য খাতের জন্য বরাদ্দ করা সম্পদের যথাযথ ব্যবহার এখন নিশ্চিত হয়েছে এবং সর্বোপরি আরো অধিক সংখ্যক মানুষ স্বাস্থ্য সেবার আওতায় আসছেন। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা করায় ঔষধপত্রের ব্যবস্থাপনা এবং সরবরাহ পদ্ধতি উন্নততর হয়েছে। এক উপজেলায় কোনো কোনো সামগ্রীর সরবরাহ বেশী হয়ে গেলে, যে উপজেলায় সেগুলোর দরকার সেখানে পাঠানো হচ্ছে। এইসব পদক্ষেপ জেলার স্বাস্থ্য সেবা ব্যবস্থায় ইতিবাচক প্রভাব ফেলছে। এই পরিবর্তনের পিছনে যে মানুষটি সদা সক্রিয় রয়েছেন তিনি হচ্ছেন ঝালকাঠির সিভিল সার্জন আব্দুর রহিম।

বিষয়টিও নিশ্চিত করেন। তার এই পদক্ষেপগুলোর ফলে ঝালকাঠি জেলায় টিকাদান কর্মসূচির আওতা আরো সম্প্রসারিত হয়েছে।

স্বাস্থ্য সেবা খাতে ঝালকাঠি জেলার আরো একটি উল্লেখযোগ্য অগ্রগতি হলো, ঔষধপত্র ও অন্যান্য সরবরাহের সুষ্ঠু ব্যবস্থাপনা। অনলাইন তথ্য ব্যবস্থাপনা চালু করার ফলে এখন মজুদ পরিস্থিতি জানা সহজ। ডাঃ রহিম



ডাঃ রহিম, মা-মনি এইচএসএসের অন্যতম প্রকল্প এলাকা হবিগঞ্জ জেলা সফরে আসেন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, বিশেষ করে ইউনিয়ন পরিষদগুলো ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলোর উন্নয়নে কীভাবে সংশ্লিষ্ট রয়েছে তা সরেজমিনে দেখার জন্য। এখানে এই স্বাস্থ্যকেন্দ্রগুলোর উন্নয়নের ফলে মা ও শিশু স্বাস্থ্য সেবার উন্নতি হয়েছে। পরিদর্শন শেষে বেশ অনুপ্রাণিত হয়েই ঝালকাঠি ফিরে যান ডাঃ রহিম। সেখানে গিয়ে তিনি জেলা হাসপাতালে একটি আবর্জনা ফেলার ভাগাড় তৈরি করার জন্য জেলা পরিষদকে দুই লাখ টাকা বরাদ্দ করায় উদ্বুদ্ধ করেন। এই হাসপাতালে পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যাও ছিল কম। এ ব্যাপারে তিনি ঝালকাঠি পৌরসভার মেয়রের শরণাপন্ন হন এবং মেয়র জেলা হাসপাতালের জন্য পরিচ্ছন্নতা কর্মীর ব্যবস্থা করেন।

এই ব্যবস্থা ব্যবহার করে সহজে দেখতে পান কোন স্বাস্থ্য কেন্দ্রে সরবরাহ উদ্ভূত রয়েছে এবং কোন স্বাস্থ্য কেন্দ্রে সরবরাহ দরকার। এভাবে তিনি উদ্ভূত কেন্দ্র থেকে যে সব কেন্দ্রে এগুলোর ঘাটতি রয়েছে সেখানে পাঠান।

ডাঃ রহিম বলেন, “আমাদের অনেক সীমাবদ্ধতা আছে এ কথা ঠিক, কিন্তু কেউ যদি এর মধ্যেও পরিবর্তন আনতে চান সেটা সম্ভব। আমি আমার সহকর্মীদের বলে থাকি, হাত গুটিয়ে বসে থেকে শুধু এটা নাই, ওটা নাই এই সব অভিযোগ করে কোন লাভ নাই। আপনার যা আছে সেটা দিয়ে আপনি আপনার দায়িত্ব পালন করুন। দেখবেন, তাহলেই আপনি আপনার জেলার স্বাস্থ্য ব্যবস্থায় একটা পরিবর্তন আনতে পারবেন।”

ডাঃ রহিম নানা কমিউনিটি ফোরোমের সহযোগিতাও নেন। তিনি কমিউনিটি এ্যাকশন গ্রুপ এবং কমিউনিটি মাইক্রোপ্ল্যানিং মিটিংয়ের সহায়তায় টিকাদান কর্মসূচি থেকে বাদ পড়া শিশুদের খুঁজে বের করতে সক্ষম হন এবং তাদের টিকা কর্মসূচির আওতায় আনেন। শুধু তাই নয়, এই সব শিশু যাতে পরবর্তীতেও টিকা কর্মসূচির আওতায় থাকে এ

## মা- মনি এইচএসএস প্রকল্পে যারা নতুন এলেন



ডাঃ সুমনা শাফিনাজ সিনিয়র এডভাইজার- প্রোগ্রাম ম্যানেজমেন্ট হিসাবে যোগ দিয়েছেন। ডাঃ শাফিনাজ কৌশলগত পরিকল্পনা প্রণয়ন, কর্মসূচি প্রণয়ন, ক্যাপাসিটি বিল্ডিং, মনিটরিং ও ইভ্যালুয়েশন, বাস্তবায়ন এবং আন্তর্জাতিক প্রেক্ষাপটে স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ কর্মসূচীসহ জনস্বাস্থ্য কর্মসূচীতে ব্যাপক অভিজ্ঞতায় সমৃদ্ধ। দীর্ঘ ২৫ বছরের পেশাজীবনে তিনি স্বাস্থ্য কর্মসূচীতে কৌশলগত এবং কারিগরি নেতৃত্ব দিয়েছেন। এই কর্মসূচীগুলোর লক্ষ্য ছিল দুস্থ এবং কম সুযোগ-সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর স্বাস্থ্য পরিস্থিতিতে উন্নতি। বিগত ৫ বছর তার কর্মস্থল ছিল কানাডা। তিনি ইউনিসেফ বাংলাদেশে ১০ বছরেরও বেশী সময় কাজ করেছেন।

সুবল চন্দ্র সোম সম্প্রতি মা- মনি এইচএসএস প্রকল্পে সিনিয়র ম্যানেজার, গ্রান্ট, ফাইন্যান্সিয়াল এনালিসিস এন্ড অপারেশনস পদে যোগ দিয়েছেন। সুবল তার ২০ বছরের পেশাদারী জীবনের একটা বড় অংশ কাটিয়েছেন সেভ দ্য চিলড্রেনে। তিনি প্রথমে সেভ দ্য চিলড্রেন- ইউএসএ এবং পরে সেভ দ্য চিলড্রেন বাংলাদেশে কাজ করেন। বর্তমান পদে যোগ দেওয়ার আগে তিনি হেলেন কেলার ইন্টারন্যাশনালে পরিচালক, অর্থ ও প্রশাসন পদে কর্মরত ছিলেন।





**সাইয়েদা জামিলা সিদ্দিকা** ২০১৭ সালের জানুয়ারী মাসে এই প্রকল্পে ডেপুটি ম্যানেজার সোস্যাল এন্ড বিহেবিয়ার চেঞ্জ কমিউনিকেশন (এসবিসিসি) পদে যোগ দেন। সিদ্দিকা ব্যবস্থাপনায় মাস্টার্স ডিগ্রীধারী। বর্তমান পদে যোগ দেওয়ার আগে তিনি এক দশকেরও বেশী সময় ব্রাকে এডভোকেসি এবং কমিউনিকেশন বিভাগে কাজ করেন।

**ডাঃ কানিজ ফাতেমা তুজ জোহরা** মা-মনি এইচএসএস প্রকল্পে ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসে বিভাগীয় মান উন্নয়ন সমন্বয়কারী পদে যোগ দেন। তিনি ডেন্টাল সার্জারিতে ব্যাচেলর ডিগ্রী লাভ করেন এবং ন্যাশনাল ইনস্টিটিউট অফ প্রিভেন্টিভ এন্ড সোস্যাল মেডিসিন (নিপসম) থেকে এমপিএইচ ডিগ্রী লাভ করেন। তিনি সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন এন্ড রিসার্চ, বাংলাদেশে (সিআইপিআরবি) একজন রিসার্চ ফেলো এবং এর কোয়ালিটি ইমসপ্রভমেন্ট প্রোগ্রামে জেলা সমন্বয়কারী হিসাবে এবং বাংলাদেশ ইনস্টিটিউট অফ মেডিক্যাল এন্ড ডেন্টাল টেকনোলজিতে সিনিয়র লেকচারার হিসাবেও কাজ করেছেন।



**সুমন বিশ্বাস** এই প্রকল্পে ডেপুটি ম্যানেজার এসবিসিসি হিসাবে যোগ দিয়েছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয় থেকে সমাজ বিজ্ঞানে ব্যাচেলর অফ সোস্যাল সাইন্সেস ডিগ্রী লাভ করেন এবং আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশে থেকে জনস্বাস্থ্য বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। মা-মনি এইচএসএস প্রকল্পে যোগ দেওয়ার আগে তিনি রিলিফ ইন্টারন্যাশনাল, এসিএফ ইন্টারন্যাশনাল এবং এমএসএফ-বেলজিয়ামের রোগ নিয়ন্ত্রণ ও রোগ প্রতিরোধ কর্মসূচিতে কাজ করেন।

**ডাঃ মোঃ আজিজ খান** ২০১৭ সালের জানুয়ারী মাসে বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে বিভাগীয় মান উন্নয়ন সমন্বয়কারী হিসাবে রাজশাহীতে কাজ শুরু করেন। তিনি এমবিবিএস এবং এমপিএইচ ডিগ্রী অর্জন করেছেন। বিভাগীয় মান উন্নয়ন সমন্বয়কারী হিসাবে কাজে যোগ দেওয়ার আগে তিনি আইসিডিআর-বি এবং সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে কাজ করেছেন।



**ডাঃ মুহাম্মদ কামরুল ইসলাম** ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসে বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে বিভাগীয় মান উন্নয়ন সমন্বয়কারী হিসাবে চট্টগ্রামে কাজ শুরু করেন। তিনি একজন এমবিবিএস ডিগ্রীধারী। এর আগে তিনি কমিউনিটি-বেজড মেডিক্যাল কলেজ হাসপাতাল, স্কোয়ার হাসপাতাল, ইউনাইটেড হাসপাতাল এবং আইসিডিআর-বিত্তে কাজ করেন।

**ডাঃ মোঃ কামরুল ইসলাম** চলতি বছরের ফেব্রুয়ারী মাসে ম্যানেজার- কোয়ালিটি এ্যাসুরেন্স হিসেবে পিরোজপুর জেলায় যোগ দেন। তিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ও নর্দান বিশ্ববিদ্যালয় থেকে এমপিএইচ ডিগ্রী লাভ করেন। এখানে যোগদানের আগে তিনি ইনস্টিটিউট অব এপিডেমিওলজি ডিজিজ কন্ট্রোল এন্ড রিসার্চ (আইইডিআরসি) এ কাজ করেন।



## মা-মনি এইচএসএস প্রকল্প

**মা-মনির** হেল্থ সিস্টেমস স্ট্রেন্গেনিং (এইচএসএস) প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশে মাতৃমৃত্যু, নবজাতকের মৃত্যু এবং শিশু মৃত্যুর হার কমিয়ে আনা। বাংলাদেশের স্বাস্থ্য খাতে ইউএসএআইডি'র সহায়তাদানের একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো এই মা-মনি এইচএসএস প্রকল্প। এই প্রকল্প বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মা, নবজাতক ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিখাতে স্বাস্থ্য ব্যবস্থাকে আরো সুদৃঢ় ও মানসম্পন্ন করার চেষ্টায় শরীক।

মা-মনি এইচএসএস প্রকল্প মা ও শিশুস্বাস্থ্য সমন্বিত কর্মসূচি (এমসএইচআইপি) ৪ বছর (২০১৩-২০১৭) মেয়াদি একটি সহযোগী

চুক্তি। জাপাইগো এই প্রকল্পের উদ্যোক্তা। এটি বাস্তবায়ন করা হচ্ছে সেভ দ্য চিলড্রেন, জন শ্লে ইনকরপোরেটেড (জেএসআই), ও জনস্ হপকিন্স বিশ্ববিদ্যালয়(জেএইচইউ)/ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল প্রোগ্রামস (আইআইপি) এবং বাংলাদেশে ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়ারিয়াল ডিজিজ রিসার্চ বাংলাদেশ (আইসিডিআর-বি), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অংশীদারিত্বের ভিত্তিতে।

মা-মনি এইচএসএস হবিগঞ্জ, লক্ষীপুর, বালকাঠি, নোয়াখালী, ভোলা, পিরোজপুর - এই ৬টি জেলার ৪০টা উপজেলায় কাজ করছে।

**ডিসক্লেইমার:** এই প্রকাশনাটি সম্ভব হয়েছে আমেরিকার জনগণের পক্ষ থেকে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট, বাংলাদেশ (ইউএসএআইডি/ বাংলাদেশ) এর আর্থিক সহযোগিতায় ম্যাটারনাল চাইল্ড হেল্থ ইন্সটিটিউট প্রোগ্রাম (এমচিপ) এর মাধ্যমে, এ্যাসোসিয়েট কো-অপারেটিভ এগ্রিমেন্ট নম্বর এআইডি-৩৩৮-এলএ-১৩-০০০০৪ এর আওতায়। এখানে প্রকাশিত মতামতের সাথে ইউএসএআইডি বা আমেরিকার সরকারের মতামতের মিল নাও থাকতে পারে।

উপদেষ্টা বোর্ড: জোবি জর্জ ও ইমতিয়াজ মান্নান  
কেন্দ্রীয় সম্পাদকীয় টিম: মুনিয়া ইসলাম, শামীম আহসান  
বেলাল উদ্দীন ও মারুফা আজিজ খান  
তথ্য সরবরাহ: টিএ রবিন  
ডিজাইন এন্ড লেআউট: কবিরুল আবেদীন  
সহযোগিতা: মানিরুল ইসলাম, মোহিতুল আজিম  
মো: মুরাদ আহমেদ খান, মো: মাহিদুল ইসলাম ও রুখসানা ইয়াসমিন  
প্রকাশক: এডভোকেসি, কমিউনিকেশন এন্ড প্রোগ্রাম লার্নিং টিম  
মা-মনি এইচএসএস প্রকল্প, স্বাস্থ্য, পুষ্টি ও এইচআইডি/এইডস সেন্টার  
সেভ দ্য চিলড্রেন, বাংলাদেশ

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:  
জোবি জর্জ, সিওপি, এমচিপ  
মা- মনি হেল্থ সিস্টেমস স্ট্রেন্গেনিং প্রকল্প  
স্বাস্থ্য, পুষ্টি ও এইচআইডি/এইডস সেন্টার  
সেভ দ্য চিলড্রেন ইন বাংলাদেশ  
বাড়ি নং সিডাব্লিউএন (এ) ৩৫, রোড ৪৩, গুলশান ২, ঢাকা- ১২১২  
বাংলাদেশ  
✉ mchipbd.info@savethechildren.org  
f https://www.facebook.com/MaMoniHSSProject  
www.mamoni.info